# Times Today BD

মুহাম্মদ দিদারুল আলম | দেশজুড়ে | 29 April, 2025

চট্টগ্রামের মিরসরাইয়ে সামাজিক যোগাযোগ মাধ্যমে মোটরসাইকেল বিক্রির বিজ্ঞাপন দিয়ে নগদ টাকা ছিনতাইয়ের অভিযোগে ৭ যুবককে গ্রেপ্তার করেছে পুলিশ।

মঙ্গলবার (২৯ এপ্রিল) গ্রেপ্তারকৃতদের চট্টগ্রাম আদালতে প্রেরণ করা হয়েছে। এরআগে সোমবার রাতে তাদের আটক করা হয়।

আটককৃতরা হলেন- মো. ওয়াছি আলম প্রঃ শান্ত (১৯) মো. সবুজ (২০), মো. আরিফুল ইসলাম, (১৯), মো. সোহেল রানা (২০), মো. রিয়াজ হোসেন (১৯), তারিকুল ইসলাম রিফাত (১৯) এবং মো. হৃদয় (১৯)। তাদের সকলের বাড়ি মিরসরাই উপজেলার বিভিন্ন এলাকায়।

জানা গেছে, চাঁদপুরে এক নারীর লিখিত অভিযোগে তাদের গ্রেপ্তার করা হয়।

খোঁজ নিয়ে জানা যায়, এই চক্রটি অনলাইনে কম মুল্যে মোটরসাইকেল বিক্রয়ের বিজ্ঞাপন দিয়ে থাকেন। চটকদার আকর্ষণীয় বিজ্ঞাপন দেখে বহিরাগত কেউ মোটরসাইকেল ক্রয়ের আগ্রহ দেখালে কৌশলে তাদের মিরসরাইয়ে নিয়ে আসেন। মিরসরাইয়ে আসার পর গাড়ি দেখানোর নাম করে নিজেদের নিয়ন্ত্রণে নিয়ে মারধর করে টাকাপয়সা মোবাইল মানিব্যাগ ছিনিয়ে নেন।

জানা গেছে, সোমবার সন্ধ্যায় মিরসরাই পৌর সদরের ১০শয্যা বিশিষ্ট মা ও শিশু হাসপাতালের সামনে চট্টগ্রাম-ঢাকাগামী হাইওয়ে পাকা রাস্তার উপর পরস্পর যোগসাজশে

সহায়তায় অনলাইনে কম মূল্যে মোটরসাইকেল বিক্রির বিজ্ঞাপন দেখে মোটরসাইকেল ক্রয় করতে আসলে ভুক্তভোগীকে প্রাণনাশের হুমকি প্রদান করে অভিযুক্তরা।এসময় ভুক্তভোগীকে আঘাত করে এবং সাথে থাকা নগদ ৬৮ হাজার ৫০০ টাকা ছিনতাইয়ের অভিযোগ উঠে।পরে ভুক্তভোগী ৭ জনের নাম পূর্বক মিরসরাই থানায় অভিযোগ দায়ের করলে তাদের গ্রেপ্তার করা হয়।

মিরসরাই থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আতিকুর রহমান বলেন, ভুক্তভোগীর অভিযোগের ভিত্তিতে তাৎক্ষনিক অভিযান পরিচালনা করে ভিকটিমের সনাক্তকৃত অভিযুক্তদের গ্রেপ্তার করা হয়েছে।বুধবার সকালে তাদের চট্টগ্রাম আদালতে প্রেরণ করা হয়।প্রাথমিক জিজ্ঞাসাবাদের তারা অভিযোগটি স্বীকার করে।

চট্টগ্রাম ছিনতাই

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 June, 2025 04:56

URL: https://timestodaybd.com/across-the-country/1616644692